

জনপ্রশাসন : সংজ্ঞা ও প্রকৃতি (Public Administration : Definition and Nature) :

জনপ্রশাসন ধারণাটি দুটি শব্দকে যুক্ত করে—‘জন’ এবং ‘প্রশাসন’। ‘জন’ শব্দটি একটি নির্দিষ্ট ভূখণ্ডে বসবাসকারী জনগণকে বোঝায়। সুনির্দিষ্টভাবে চিহ্নিত একটি নির্দিষ্ট ভূখণ্ড সাধারণভাবে বর্তমানকালে রাষ্ট্রকেই বোঝায় এবং ‘জন’ শব্দটি রাষ্ট্রের গন্ডির মধ্যে বসবাসকারী জনগণকেই বোঝায়। এখানে ‘জন’ বা ‘গণ’ শব্দটি বিশেষ অর্থে সরকারকেও চিহ্নিত করে। Administration বা প্রশাসন শব্দটি এসেছে ইংরেজী শব্দ ‘administer’ থেকে এবং ‘administer’ শব্দটি এসেছে ল্যাটিন শব্দ “ad” এবং “Ministare” শব্দ থেকে যার অর্থ সেবা করা। সহজ অর্থে administration বা প্রশাসন বলতে বোঝায় পরিচালন বা জনগণের দেখাশোনা করা। প্রশাসন যেকোনো সংগঠনের সঙ্গে অবিচ্ছেদ্যভাবে যুক্ত। সাধারণভাবে প্রশাসন বলতে বোঝায় সংগঠনের লক্ষ্যে পৌঁছানোর জন্য সদস্যদের সমন্বিত ও সহযোগিতামূলক প্রয়াস। হার্বার্ট সাইমনের মতে “Administration can be defined as the activities of groups co-operating to accomplish common goals”। J. M. Pfiffner সংগঠনে মানবীয় ও বস্তুগত সম্পদের ওপর গুরুত্ব আরোপ করেছেন। তাঁর মতে “Administration is the organisation and direction of human and material resources to achieve desired ends”। রাষ্ট্র সমাজজীবনের অপরিহার্য সংগঠন হিসেবে চিহ্নিত হওয়ার ফলে—এর প্রশাসন ও পরিচালন ব্যবস্থার অনুশীলন আবশ্যিক হয়ে ওঠে। জনপ্রশাসনের ধারণা ও সংজ্ঞা নির্ধারণের ক্ষেত্রে প্রশাসনের তাত্ত্বিক ও গবেষকদের মধ্যে সুসংহত ঐক্যমত লক্ষ্য করা যায় না। জনপ্রশাসন বলতে সাধারণভাবে বোঝায় নির্দিষ্ট লক্ষ্য অর্জনের জন্য সরকারের গৃহীত কার্যাবলী। কিন্তু এই কার্যাবলীর অন্তর্গত প্রশাসনিক কার্যাবলীর প্রশ্নে প্রশাসনিক কার্যাবলীর চৌহদ্দি নির্ধারণের ক্ষেত্রে জনপ্রশাসনের তাত্ত্বিকদের মধ্যে মতভেদ লক্ষ্য করা যায়। কতিপয় চিন্তাবিদ সরকারীনীতিসমূহ বাস্তবায়নের জন্য সকল কাজকর্মকে প্রশাসনের অন্তর্ভুক্ত করতে চান; আবার অনেক তাত্ত্বিক সরকারের শাসন বিভাগের কাজকর্মকেই জনপ্রশাসনের অন্তর্ভুক্ত করতে আগ্রহী।

যাঁরা সরকারীনীতিকে বাস্তবায়িত করার পক্ষে সওয়াল করেছেন তাঁদের মধ্যে অন্যতম হল L. D. White। তাঁর মতে জনপ্রশাসন সরকারী নীতিকে কার্যকর করে ও পরিপূর্ণতা দিয়ে থাকে। J. S. Hodgson জনপ্রশাসনের ব্যাপকতাকে স্বীকৃতি দিয়ে বলেছেন, “জনপ্রশাসন সরকার বা তার এজেন্সির ব্যক্তি ও গোষ্ঠী সমূহকে মান্যতা দেয় এবং জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক স্তরে সরকারের কাজকর্মে এদের ভূমিকাকে স্বীকৃতি দেয়।” Pfiffner জনপ্রশাসনের সমন্বয়মূলক ভূমিকাকে অধিক গুরুত্ব দিয়ে থাকেন। H. Walker আইনকে কার্যকর করার ক্ষেত্রে সরকারের কার্যাবলীকে প্রশাসনের অন্তর্ভুক্ত করেছেন। কিন্তু F. A. Nigro-র বিশ্লেষণে জনপ্রশাসনের সামগ্রিক চরিত্রটি ফুটে ওঠে। তিনি জনপ্রশাসনের সঙ্গে রাজনৈতিক সম্পর্ককে যুক্ত করেছেন এবং প্রশাসনের সঙ্গে সামগ্রিকভাবে সমষ্টির স্বার্থকেও অঙ্গীভূত করেছেন। তাঁর

মতে জনপ্রশাসন সরকারের তিনটি বিভাগ—আইন বিভাগ, শাসন বিভাগ এবং বিচার বিভাগ ও তাদের পারস্পরিক সম্পর্কে আলোচনা করে: সরকারী নীতিপ্রণয়নের ক্ষেত্রে রাজনৈতিক প্রক্রিয়াকে যুক্ত করে গুরুত্বপূর্ণ ভূমিকা নেয় এবং বেসরকারী প্রশাসনকেও বিষয়ের মধ্যে অন্তর্ভুক্ত করে কারণ মানবীয় সম্পর্কের দৃষ্টিভঙ্গীর (Human Relations Approach) নিরিখে বিভিন্ন বেসরকারী সংগঠনও ব্যক্তিও সমষ্টির পরিষেবায় ব্রতী থাকে। উপরোক্ত বিশ্লেষণ জনপ্রশাসনের সামগ্রিক দৃষ্টিভঙ্গীকেই চিহ্নিত করে।

কিন্তু আর এক দল তাত্ত্বিক জনপ্রশাসনের সংকীর্ণ দৃষ্টিভঙ্গীকেই তুলে ধরেন এবং জনপ্রশাসনের অধ্যয়ন ও গবেষণার ক্ষেত্রে এই সকল তাত্ত্বিকদের অবদানও খুবই গুরুত্বপূর্ণ। এই গোষ্ঠীভুক্ত তাত্ত্বিকদের মধ্যে Dwight Waldo মনে করেন জনপ্রশাসন রাষ্ট্র সম্পর্কিত পরিচালন ব্যবস্থার Arts ও Science। M. Dimock মনে করেন জনপ্রশাসন উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা প্রণীত সরকারী নীতিকে কার্যকর করতে সাহায্য করে। এই বিষয় সরকারের নীতি প্রণয়নকারী সংস্থা দ্বারা প্রণীত আইন কার্যকর করতে যে সমস্ত সংগঠন সহায়তা করে তাদের সাংগঠনিক দিক ও কৌশলগত দিক নিয়ে আলোচনা করে। সুস্পষ্টভাবে তিনি এই অভিমত ব্যক্ত করেন যে জনপ্রশাসন সরকারের শাসন বিভাগীয় ক্ষেত্রেই প্রতিফলিত করে।

জনপ্রশাসনের তাত্ত্বিকদের দৃষ্টিকোণের নিরিখে একথা বলা যায় যে জনপ্রশাসন সরকারের কার্যকরী দিককে নির্দিষ্ট করে। একথা ঠিক যে জনপ্রশাসন সরকারের নীতি কার্যকর করার বিষয়ে অধিকতর গুরুত্ব আরোপ করে কিন্তু সরকারের আইন বাস্তবায়নে ন্যায় বিচারের দিকটিও প্রশাসন উপেক্ষা করে না। জনপ্রশাসন শুধুমাত্র সরকারের প্রশাসনিক দিকটিতেই আবদ্ধ থাকে না; সরকারের অন্য দুটি বিভাগ—আইনবিভাগ ও বিচারবিভাগের ক্ষেত্রেও জনপ্রশাসনের উল্লেখযোগ্য গুরুত্ব রয়েছে। আইনসভার অধিবেশন ডাকা ও পরিচালনা এবং আইনসভা প্রণীত আইনকে প্রয়োজনমত বিভিন্ন বিধিতে অন্তর্ভুক্তির কাজ প্রশাসনের মাধ্যমেই হয়ে থাকে। তেমনই বিচারবিভাগের ক্ষেত্রে পরিদর্শন, নিরীক্ষণ এবং নিয়ন্ত্রনের কাজ প্রশাসনের মাধ্যমেই হয়ে থাকে। নিয়োগ, পদোন্নতি, পরিচালন ব্যবস্থা এবং নিম্নতন আদালতের ওপর উর্ধ্বতন আদালতের নিয়ন্ত্রনে প্রশাসনের গুরুত্বকে অস্বীকার করা যায় না।

জনপ্রশাসনের সংকীর্ণ ও ব্যাপক দৃষ্টিকোণের তাত্ত্বিকদের অভিমতকে মান্যতা দিয়ে বলা যায় যে যদিও জনপ্রশাসনে সরকারের শাসন বিভাগের গুরুত্ব বেশি লক্ষ্য করা যায় তথাপি আইন ও বিচার বিভাগেও প্রশাসনের গুরুত্বকে অস্বীকার করা যায় না। যেহেতু জনপ্রশাসন সরকারের নির্দিষ্ট লক্ষ্যকে বাস্তবায়িত করতে চায় সেহেতু সরকারের তিনটি বিভাগে—শাসন বিভাগ, বিচার বিভাগ ও আইন বিভাগে প্রশাসনের গুরুত্বকে স্বীকৃতি দেওয়া হয়।